দৈনিক ইত্তেফাক

তারিখ 11 JUN 1989
পৃষ্ঠা ... ১ কলাম ৪

021

# [ঢাকা] বিশ্ববিদ্যালয়ঃ ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা ভার্সিটির ডিগ্রী পরীক্ষার (বি, এ, বি, কম ও বি, এসসি ফলাফল প্রকাশিত হইয়াছে। বি, এ পরীক্ষায় পাসের হার ৩২ দশমিক ৩৭। বি, কম পরীক্ষায়

(২য় পৃঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষার ফল

(১ম পৃঃ পর)

পাসের হার ৩০ এবং বি, এসসি পরীক্ষায় পাসের হার ৫০ দশমিক ৪ ভাগ।

বি,এ পরীক্ষায় ঝালকাঠি ডিগ্রী কলেজ (পরীক্ষার্থীর সংখ্যা ১৮জন) ও ঝালকাঠির শেরে বাংলা ফজলুল হক কলেজ (পরীক্ষার্থীর সংখ্যা ১৬জন) হইতে কেহ পাস করে নাই বি,এ পরীক্ষায় টাঙ্গাইলের গোপালপুর কলেজ হইতে উল্লেখযোগ্য সংখ্যক প্রার্থী কৃতকার্য হইয়াছে। (পাসের হার ৮১ দশমিক ৭) এই কলেজে পরীক্ষার্থীর সংখ্যা ছিলো ৬ শত ৫৩ জন। পাস করিয়াছে ৫ শত ১৪ জন। বি, এ পরীক্ষায় প্রথম বিভাগ লাভকারী ৮ জনের মধ্যে ৭ জন ছাত্রীই ঢাকার লালমাটিয়া মহিলা কলেজের। অপরজন বহিরাগত প্রার্থী। বি,এসসি পরীক্ষায় মির্জাপুর কলেজ হইতে উল্লেখযোগ্য ছাত্র-ছাত্রী কৃতকার্য হইয়াছে। পাসের হার শতকরা ৯০ দশমিক ৩। এই কলেজে ২শত ৯৯ জন পরীক্ষার্থীর মধ্যে ২ শত ৭০ জন কৃতকার্য হইয়াছে। বি,কম পরীক্ষায় ১২টি কলেজ হইতে কোন প্রার্থীই কৃতকার্য হয় নাই। এই কলেজসমূহ হইল বরিশাল ব্রজমোহন কলেজ (পরীক্ষার্থী ৮ জন), কলসকাঠি ডিগ্রী কলেজ (পরীক্ষার্থী ৩ জন), আগৈলঝাড়া কলেজ (পরীক্ষার্থী ১৭ জন), রাজৈর কলেজ (পরীক্ষার্থী ১ জন), শাহবাজপুর কলেজ (১ জন), ভোলার চরফ্যাশন কলেজ (পরীক্ষার্থী ৭ জন), মাদারীপুর শহীদ স্মৃতি কলেজ (পরীক্ষার্থী ১৪ জন), কালকিনি কলেজ (পরীক্ষার্থী ৪ জন), শেখ লুৎফর রহমান আদর্শ কলেজ (পরীক্ষার্থী ১ জন), মকসুদপুর কলেজ (পরীক্ষার্থী ২ জন) ত্রিশাল নজরুল কলেজ (পরীক্ষার্থী ৫ জন), নান্দাইল শহীদ স্মৃতি আদর্শ কলেজ (পরীক্ষার্থী ২ জন), বাজিতপুর কলেজ (পরীক্ষার্থী ২ জন), শিবপুর শহীদ আসাদ কলেজ (পরীক্ষার্থী ২২ জন) ও বিক্রমপুর কে, বি কলেজ (পরীক্ষার্থী ৬ জন)।

বি,এসসি পরীক্ষায় কবি নজরুল কলেজ ও রায়পুরা কলেজে শতকরা ১০০ জনই কৃতকার্য হইয়াছে। নজরুল ও রায়পুরা কলেজে পরীক্ষার্থীর সংখ্যা ছিল যথাক্রমে ১২ ও ৬ জন।

উল্লেখ্য, এই প্রথম বারের মত কর্তৃপক্ষ কোন কোন ঘোষণা ছাড়াই পরীক্ষার ফলাফল প্রকাশ করিয়াছেন। তবে গতকাল রাতে পত্রিকা অফিসসমূহে ফলাফলের সংক্ষিপ্ত কপি পাঠানো হয়।

এদিকে গতকাল পরীক্ষার ফলাফল প্রকাশ হইলেও অধিকাংশ পরীক্ষার্থী ফলাফল সংগ্রহ করিতে পারে নাই বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে প্রশাসনিক ভবনের সামনে [illegible]